দৈনিক ইনকিলাব
৫

বাংলাদেশ তথ্য ও পরিসংখ্যান কেন্দ্র
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 3 FEB 1989
পৃষ্ঠা ৫ কলাম ২

# ৬টি উপজেলায় কামিল মাদ্রাসা ও উচ্চতর পরীক্ষা কেন্দ্র নেই

নবাবগঞ্জ (ঢাকা), (সংবাদদাতা)।— নবাবগঞ্জ, দোহার, শ্রীনগর, হরিরামপুর, সিংগাইর ও দৌলতপুরসহ ৬টি উপজেলায় কোন কামিল মাদ্রাসা ও আলিম, ফাজিল, কামিল পরীক্ষা কেন্দ্র না থাকায় দরিদ্র ছাত্রদের ইসলামী শিক্ষা গ্রহণে মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

উল্লেখ্য, এসব উপজেলার মধ্যবিত্ত ও বিত্তহীন অভিভাবকদের ইসলামী শিক্ষার প্রতি প্রচুর ঝোক থাকলেও ফাজিল (বিএ) পাস করার পর টাইটেল পড়ার জন্য শহরে পাঠাতে পারছে না অর্থনৈতিক সংকটের কারণে।

এসব এলাকার কোনটিতে পরীক্ষা কেন্দ্র না থাকায় ছাত্রদের দূর-দূরান্তের কেন্দ্রগুলোতে যেয়ে অতিকষ্ট করে পরীক্ষা দিতে হয়।